# Tanzim Al Islam & Associates

সূত্র:..................

তারিখ: ২৫/০৯/২০২৩ইং

## "লিগ্যাল নোটিশ"

এ/ডি সহ রেজিস্ট্রিকৃত

প্রাপক:

১। অনুপ কুমার ভৌমিক (S21TV)
সাধারণ সম্পাদক, অ্যামেচার রেডিও সোসাইটি অব বাংলাদেশ।
অফিস ঠিকানা: বাড়ি- ১৭৩ (২য় তলা), খিলগাঁও পাকা মসজিদ মার্কেট কমপ্লেক্স,
(খিলগাঁও তালতলা মার্কেটের বিপরীত দিকে), ঢাকা, বাংলাদেশ।
বর্তমান ঠিকানা: বাড়ি নং- ২৮৯-২৯০, ব্লক- বি, রোড নং- ০৬,
বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯।

২। মোঃ জিল্লুর রহমান (S21JR)
নির্বাহী সদস্য, অ্যামেচার রেডিও সোসাইটি অব বাংলাদেশ।
অফিস ঠিকানা: বাড়ি- ১৭৩ (২য় তলা), খিলগাঁও পাকা মসজিদ মার্কেট কমপ্লেক্স,
(খিলগাঁও তালতলা মার্কেটের বিপরীত দিকে), ঢাকা, বাংলাদেশ।
বর্তমান ঠিকানা: ফ্ল্যাট নং- ৭/এ, অরণী এপার্টমেন্ট,
৩৮ আল-আমিন রোড, গ্রীণ রোড, ঢাকা।

............ নোটিশ গ্রহীতাগণ।

প্রেরক:

তৌফিক রহমান (S21DT)
সভাপতি, অ্যামেচার রেডিও সোসাইটি অব বাংলাদেশ।
বর্তমান ঠিকানা: ৩ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা- ১২১৫।

পক্ষে:

তানজিম আল ইসলাম
আইনজীবী, বাংলাদেশ সুপ্রিম কোর্ট।
হেড অব চেম্বার, তানজিম আল ইসলাম এণ্ড এসোসিয়েটস

............ নোটিশ দাতা।

মহোদয়গণ,

আমি আমার সম্মানিত মক্কেল জনাব তৌফিক রহমান-এর নিকট থেকে আদিষ্ট ও ক্ষমতাপ্রাপ্ত হয়ে তার উপস্থিত কাগজপত্রাদি এবং মৌখিক বক্তব্য শুনে, উপদেশ ও পরামর্শক্রমে আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণকে এই মর্মে অত্র লিগ্যাল নোটিশ প্রদান করছি যে,

১। আমার সম্মানিত মক্কেল জন্মসূত্রে বাংলাদেশের একজন স্থায়ী নাগরিক ও বাসিন্দা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন ও নীতি-রীতির প্রতি পরিপূর্ণ শ্রদ্ধাশীল বটে।

২। যেহেতু "অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ" The Societies Registration Act, 1860 এর অধীন রেজিস্ট্রিকৃত একটি অরাজনৈতিক, অলাভজনক, স্বেচ্ছাসেবী দাতব্য প্রতিষ্ঠান। আমার মক্কেল উক্ত প্রতিষ্ঠানের একজন প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রতিষ্ঠানের বিদ্যমান Memorandum of Association অনুযায়ী, আমার মক্কেল উক্ত প্রতিষ্ঠানের সভাপতি বটে। তিনি উক্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠালগ্ন থেকে অত্যন্ত সততা, দক্ষতা এবং ন্যায়পরানয়তার সাথে উক্ত প্রতিষ্ঠানের সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। প্রক্ষান্তরে, আপনারা ১নং নোটিশ গ্রহীতা এই প্রতিষ্ঠানের সাধারণ সম্পাদক এবং ২নং নোটিশ গ্রহীতা এই প্রতিষ্ঠানের নির্বাহী সদস্য বটে।

৩। যেহেতু প্রতিষ্ঠানের বিদ্যমান Memorandum of Association এর ১৯ ধারার Rights and Duties of the office bearers শিরোনামে The President এর কলামে স্পষ্টভাবে উল্লেখ আছে যে,

a) He will be the constitutional head of the society. He will preside over all the meeting. He will give co-operation to all members and officers for proper implementation of various projects of the society. He will contract, negotiate and consult with everybody for over all development of the society.

b) He will supervise all administrative and day to works. He will call all types of meeting discussing with the members will prepare the agenda of the meeting. He will collect and preserve all necessary papers and documents of the society. He will perform necessary contract, execute documents and collect fund, prepare projects and will coordinate in implementation of it. He will execute contract, agreement, sign documents and all other necessary works in the society and will remain in that position.

c) He will sign all activities of the Society. He will administrate prate, project budget preparation, program implementation and evaluation. He will arrange writing minutes of all meeting. He will write administrative letters regarding fund letters with other society.

d) He will communicate the same and manage contract with all concern. He will cooperate in evolution of the project work of the society keeping cooperation with everybody. He will organize all monetary account documents in written and will organize audit works. He will supervise all administrative function.

e) He will be an ex-office member of all committees. He will quite guide the society.

৪। সুতরাং, Memorandum of Association এর ১৯ ধারার আলোকে এটা অত্যন্ত সুস্পষ্ট ও সুনির্ধারিত যে, পদাধিকারবলে সভাপতি অর্থাৎ– আমার মক্কেল "অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ"-এর সাংবিধানিক প্রধান। পদাধিকার বলে তিনি উক্ত প্রতিষ্ঠানের সমস্ত মিটিং কল করবেন, এবং উক্ত মিটিংয়ে উপস্থিত থাকবেন। অর্থাৎ, পরোক্ষভাবে বলা যায় যে, তার অগোচরে বা অনুপস্থিতিতে প্রতিষ্ঠানের কোনো মিটিং অনুষ্ঠিত হবে না। তিনি প্রতিষ্ঠানের সকল প্রশাসনিক কাজের দেখভাল করবেন। তিনি প্রতিষ্ঠানের সকল প্রয়োজনীয় দলিল-দস্তাবেজে স্বাক্ষর করবেন।

৫। যেহেতু Memorandum of Association এর ১৭ ধারায় বলা হয়েছে যে, "The President post is not changeable because he is the founder President of "Amateur Radio Society of Bangladesh". In the absence of the President he may give in-charge in this post from one of the E.C. member. After President's death the E.C. members will decide about President."। অর্থাৎ- ১৭ ধারার আলোকে, আমার মক্কেল "অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ"-এর প্রতিষ্ঠাতা সভাপতি হওয়ার দরুন তিনি আজীবন এই প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে গণ্য হবেন। ফলত, তার এই পদ পরিবর্তনঅযোগ্য বলে Memorandum of Association এর ১৭ ধারায় স্বীকৃত বটে।

৬। পক্ষান্তরে, Memorandum of Association এর ১৯ ধারার Rights and Duties of the office bearers শিরোনামে General Secretary এর কলামে বলা আছে যে,

a) Shall perform duties that usually perform to the office of the secretary.
b) Shall organize, arrange & connivance meetings, conference, in consolation with the president.
c) Shall keep minutes of all proceeding of the meeting of the executive committee."
d) Shall palace annual report of the society in the AGM.

৭। সুতরাং, আপনি অত্র ১নং নোটিশগ্রহীতা ১৯ ধারার বিধানমতে, আমার মক্কেল অর্থাৎ- উক্ত প্রতিষ্ঠানের সভাপতির সাথে আলোচনা সাপেক্ষে আপনার উপর কেবল অর্পিত দায়িত্ব পালন করবেন। Memorandum of Association এর ১৯ ধারানুযায়ী, আপনাকে কোনো স্বাক্ষরের ক্ষমতা প্রদান করা হয়নি। অর্থাৎ- আপনি প্রতিষ্ঠানের কোনো জরুরি দলিল-দস্তাবেজে স্বাক্ষর করার ক্ষমতা রাখেন না। এমনকি, সভাপতির অনুমতি ব্যতিরেকে আপনি প্রতিষ্ঠানের কোনো মিটিং আয়োজন করতে পারেন না। কেননা, আইনুনাযায়ী, আপনি আপনার উপর অর্পিত দায়িত্বের অতিরিক্ত ক্ষমতা প্রয়োগের অধিকারী নন। Memorandum of Association এর ১৯ ধারায় প্রদত্ত ক্ষমতার অতিরিক্ত কোনো ক্ষমতা আপনি প্রয়োগ করলে তা আইনত ও কার্যত অবৈধ বলে বিবেচিত হবে।

৮। কিন্তু, আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণ পরস্পর যোগসাজশে প্রতিষ্ঠানের Memorandum of Association এর ১৯ ধারার বিধান লংঙ্ঘন করে গত ২৮/০৭/২০২৩ং তারিখে উদ্দেশ্যমূলকভাবে একটি মিটিংয়ের আয়োজন করেন যা আইনত অবৈধ মিটিং বলে বিবেচিত বটে। উক্ত মিটিংয়ের মিটিং মাইনুটস গত ০১/০৮/২০২৩ইং তারিখে প্রস্তুতকৃত যা আপনি অত্র ১নং নোটিশ গ্রহীতা কর্তৃক গত ০১/০৭/২০২৩ইং তারিখে স্বাক্ষরিত। আপনাদের কৃত এহেন ভুল কার্যক্রম এর অসৎ উদ্দেশ্যের প্রতিফলনকে চিহ্নিত করতে যথেষ্ট বটে। উক্ত অবৈধ মিটিংয়ের মাধ্যমে আপনারা আমার মক্কেল অর্থাৎ প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা সভাপতিকে সরিয়ে অত্র ২নং নোটিশ গ্রহীতাকে স্বেচ্ছাচারী উপায়ে নতুন সভাপতি নির্ধারণ করেন যাতে সমিতির অন্যান্য সদস্যগনের কোনোপ্রকার সম্মতিও ছিল না। আপনার নিজস্ব পন্থায় গৃহীত অবৈধ মিটিংয়ের মাধ্যমে কৃত আপনাদের এহেন কার্যকলাপ প্রতিষ্ঠানের বিদ্যমান Memorandum of Association এর ১৭ ও ১৯ ধারার সুস্পষ্ট লংঙ্ঘন। কেননা, ১৭ ধারানুযায়ী, আমার মক্কেল প্রতিষ্ঠানের আজীবন সভাপতি বলে আইনত বিবেচিত বটে। পক্ষান্তরে, ১৯ ধারার বিধানুনাযায়ী, আপনি ১নং নোটিশ গ্রহীতা আমার মক্কেলের অগোচরে কোনো মিটিংয়ের আয়োজন করতে পারেন না বা মিটিংয়ের মিটিং মাইনুটস-এ স্বাক্ষর করতে পারেন না। কেননা, ১৯ ধারায় আপনাকে সেই ক্ষমতা প্রদান করা হয়নি। আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণ কর্তৃক আয়োজিত মিটিং এবং আপনি অত্র ১নং নোটিশ গ্রহীতা কর্তৃক

স্বাক্ষরিত মিটিং মাইনুটস প্রতিষ্ঠানের Memorandum of Association-কে সুস্পষ্টভাবে লংঙ্ঘিত করে। বিধায় তা আইনত ও কার্যত অবৈধ বলে বিবেচিত বটে।

৯। উপরন্তু, আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণ কর্তৃক আয়োজিত উক্ত অবৈধ মিটিংয়ের আলোচ্য বিষয়ের 'ক' নং দফায় উল্লেখ করেছেন যে, "সভাপতির সর্বশেষ সভায় সম্মতির প্রেক্ষিতে নতুন সভাপতি নির্ধারণের বিষয়ে আলোচনা"। কিন্তু, আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের সর্বশেষ সভায় এতদ্‌সংক্রান্তে কোনো আলোচনা বা সম্মতি গৃহিত হয়নি। আপনারা উদ্দেশ্যমূলকভাবে মিথ্যার আশ্রয় গ্রহণ করেছেন। আপনাদের এহেন কার্যকলাপ স্বেচ্ছাচারী দৃষ্টিভঙ্গির বহিঃপ্রকাশ।

১০। অধিকন্তু, আপনাদের প্রকাশিত মিটিং মাইনুটস-এ এটা সুস্পষ্ট যে, আপনাদের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়নি। সর্বসম্মতিক্রমে গৃহীত না হওয়ায় আপনাদের এহেন সিদ্ধান্ত Memorandum of Association এর বিধানুনাযায়ী কার্যত অচল বটে। এছাড়াও, নতুন সভাপতি নিয়োগের ক্ষেত্রে নতুন সভাপতির নিকট থেকে কোনো লিখিত সম্মতিপত্র নেয়া হয়নি বা তিনি প্রদান করেননি যা Memorandum of Association এর সুস্পষ্ট ব্যত্যয়। বস্তুতপক্ষে, আপনাদের নেতৃত্বে গত ২৮/০৭/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত অবৈধ মিটিংয়ে নতুন সভাপতি নির্ধারণের বিষয়ে কোনো আলোচনা বা সিদ্ধান্ত হয়নি। তদুপরি আপনারা অত্র বিষয়টি অসাধু উদ্দেশ্যে মিটিংয়ের মাইনুটস-এ উল্লেখ করেছেন।

১১। অধিকন্তু, আপনারা আপনাদের নেয়া অত্র একক সিদ্ধান্তের বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন যা প্রতিষ্ঠানের বিদ্যমান Memorandum of Association-কে সুস্পষ্টভাবে লংঙ্ঘিত করেছে। এমনকি আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণ প্রতিষ্ঠানের অন্যান্য সদস্যদেরকে নিয়ে মানহানিকর বক্তব্য দিচ্ছেন যা অত্যন্ত গর্হীত কাজ বটে। এতে করে সমিতির অন্যান্য সদস্যদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে এবং এতে সমতির শান্তি শৃংঙ্খলা নষ্ট হচ্ছে।

১২। মূলত আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণ অন্যান্য সদস্যদেরকে নিয়ে পরস্পর ষড়যন্ত্র ও যোগসাজশে উদ্দেশ্যমূলকভাবে প্রতিষ্ঠানকে কুক্ষিগত করার জন্য নীতি-নৈতিকতাকে বিসর্জন দিয়ে এবং প্রতিষ্ঠানের Memorandum of Association-কে ক্রমাগতভাবে লংঙ্ঘিত করে উপরোক্ত কার্যকলাপ পরিচালিত করেছেন এবং করছেন বলে আমার মক্কেল মনে করছেন।

এমতাবস্থায়, আমি, আমার মক্কেলের পক্ষে আপনারা অত্র নোটিশ গ্রহীতাগণকে এই মর্মে অত্র লিগ্যাল নোটিশ প্রদান করছি যে, আপনারা অত্র নোটিশ প্রাপ্তির তিন (০৩) দিনের মধ্যে আমার মক্কেলের সাথে যোগাযোগ করে লিখিতভাবে ক্ষমা চাইবেন এবং গত কথিত গত ২৮/০৭/২০২৩ইং তারিখের রেজ্যুলেশন (০১/০৮/২০২৩ইং

তারিখে প্রস্তুতকৃত ও ০১/০৭/২০২৩ইং তারিখে স্বাক্ষরিত) বাতিল বলে লিখিতভাবে ঘোষণা করবেন এবং অন্যান্য সদস্যগণের নিকট তা প্রচার করবেন। অন্যথায়, আমার মক্কেল আপনাদের বিরুদ্ধে যথাযথ আইন-আদালতের আশ্রয় নিতে বাধ্য হবেন এবং এহেন সকল পরিণতি আপনাদেরকেই বহন করতে হবে।

*বিঃ দ্রঃ অত্র নোটিশের অবিকল এক কপি ভবিষ্যৎ আইনগত কার্যক্রম গ্রহণের প্রয়োজনে আমার সেরেস্থায় সংরক্ষণ করলাম।*

ধন্যবাদান্তে,

Tanzim Al Islam 25.09.2023

(তানজিম আল ইসলাম)

আইনজীবী, বাংলাদেশ সুপ্রিম কোর্ট।

হেড অব চেম্বার, তানজিম আল ইসলাম এণ্ড এসোসিয়েটস।

Tanzim Al Islam
LL.B (Hon's), LL.M (RU)
Advocate
Supreme Court of Bangladesl
Flat No. 4/B (Level 4), ICL Silver Rai
48, Bijoy Nagar, Paltan, Dhaka-100
Mob: 01712-138996

বাংলাদেশ ডাক বিভাগ

নম্বর ঃ রেজিষ্ট্রি রশিদ

(চিঠি/পোষ্টকার্ড/প্যাকেট/পার্সেল/নিউজপেপার/বীমা)

ঃ 293

[illegible]

অফিস ঃ

ঃ [illegible]

মাশুল ঃ ওজন

...তারিখের মোহর

ইস্যু অপারেটরের স্বাক্ষর (তারিখ সহ) ২৫/৭/২৩

---

বাংলাদেশ ডাক বিভাগ

নম্বর ঃ 294 রেজিষ্ট্রি রশিদ

(চিঠি/পোষ্টকার্ড/প্যাকেট/পার্সেল/নিউজপেপার/বীমা)

ঃ

[illegible]

অফিস ঃ

ঃ [illegible]

মাশুল ঃ ওজন

...রের তারিখের মোহর

ইস্যু অপারেটরের স্বাক্ষর (তারিখ সহ) ২৫/৭/২৩

---

বাংলাদেশ ডাক বিভাগ

নম্বর ঃ 295 রেজিষ্ট্রি রশিদ

(চিঠি/পোষ্টকার্ড/প্যাকেট/পার্সেল/নিউজপেপার/বীমা)

ঃ

[illegible]

অফিস ঃ

ঃ [illegible]

মাশুল ঃ ওজন

...র তারিখের মোহর

ইস্যু অপারেটরের স্বাক্ষর (তারিখ সহ) ২৫/৭/২৩

---

বাংলাদেশ ডাক বিভাগ

নম্বর 296 রেজিষ্ট্রি রশিদ

(চিঠি/পোষ্টকার্ড/প্যাকেট/পার্সেল/নিউজপেপার/বীমা)

[illegible]

অফিস ঃ

[illegible]

মাশুল ঃ ওজন

...র তারিখের মোহর

ইস্যু অপারেটরের স্বাক্ষর (তারিখ সহ) ২৫/৭/২৩

DL847055701BD

প্রেরক,


**Tanzim Al Islam**
LL.B (Hon's), LL.M (RU)
Advocate
Supreme Court of Banglades[illegible]
Flat No. 4/B (Level 4), ICL Silver Rai[illegible]
48, Bijoy Nagar, Paltan, Dhaka-100[illegible]
Mob: 01712-138996


প্রাপক,

মোঃ মুজিবুর রহমান
নির্বাহী [illegible]
মানবাধিকার [illegible] সোসাইটি অব বাংলাদেশ
ঠিকানা - ফ্ল্যাট নং- ৭/এ, [illegible] এপার্টমেন্ট
৩৮ - [illegible] রোড,
গ্রীন রোড, ঢাকা।

# Tanzim Al Islam & Associates


**Chamber:**
Flat No. 4/B (Level 4), ICL Siver Rain,
48, Bijoy Nagar, Paltan, Dhaka-1000.

**Cell :** +880 1712-138996

**E-mail :** tanzimislamassociates@gmail.com

প্রেরক,


**Tanzim Al Islam**
LL.B (Hon's), LL.M (RU)
Advocate
Supreme Court of Banglades
Flat No. 4/B (Level 4), ICL Silver Rair
48, Bijoy Nagar, Paltan, Dhaka-100
Mob: 01712-138996


প্রাপক,

মোঃ [illegible]

# Tanzim Al Islam & Associates


**Chamber:**
Flat No. 4/B (Level 4), ICL Siver Rain,
48, Bijoy Nagar, Paltan, Dhaka-1000.

**Cell :** +880 1712-138996

**E-ma**


DL847055729BD

DL847055763BD

প্রেরক,


**Tanzim Al Islam**
LL.B (Hon's), LL.M (RU)
Advocate
Supreme Court of Banglades[h]
Flat No. 4/B (Level 4), ICL Silver Rai[n]
48, Bijoy Nagar, Paltan, Dhaka-100[0]
Mob: 01712-138996


প্রাপক,
অনুপ কুমার ভৌমিক
ম্যানেজার- অপারেশন
আমানত- [illegible] (সোসাইটি অব বাংলাদেশ)
অফিস- ঠিকানা- বাড়ি- ৭৭৬ (২য় তলা)
সিদ্দিক- বাজার- মসজিদ মার্কেট, বংশাল
সিএনজি- পাম্প সার্কেল- বিপরীত দি[illegible]
ঢাকা-, বাংলাদেশ

# Tanzim Al Islam & Associates


**Chamber:**
Flat No. 4/B (Level 4), ICL Siver Rain,
48, Bijoy Nagar, Paltan, Dhaka-1000.

**Cell :** +880 1712-138996

**E-mail :** tanzimislamassociates@gmail.com